# হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ৩৮৪৯

৩১/ হৃদয়-গলানো উপদেশ

পরিচ্ছেদঃ কিয়ামতের কতিপয় লক্ষণ

## আরবী

عَنْ حُذَيْفَةَ بْنِ أَسِيدٍ الْغِفَارِيِّ قَالَ اطَّلَعَ النَّبِيُّ ﷺ عَلَيْنَا وَنَحْنُ نَتَذَاكَرُ فَقَالَ مَا تَذَاكَرُونَ قَالُوا نَذْكُرُ السَّاعَةَ قَالَ إِنَّهَا لَنْ تَقُومَ حَتّٰى تَرَوْنَ قَبْلَهَا عَشْرَ آيَاتٍ فَذَكَرَ الدُّخَانَ وَالدَّجَّالَ وَالدَّابَّةَ وَطُلُوعَ الشَّمْسِ مِنْ مَغْرِبِهَا وَنُزُولَ عِيسَى ابْنِ مَرْيَمَ ﷺ وَيَأْجُوجَ وَمَأْجُوجَ وَثَلَاثَةَ خُسُوفٍ خَسْفٌ بِالْمَشْرِقِ وَخَسْفٌ بِالْمَغْرِبِ وَخَسْفٌ بِجَزِيرَةِ الْعَرَبِ وَآخِرُ ذٰلِكَ نَارٌ تَخْرُجُ مِنَ الْيَمَنِ تَطْرُدُ النَّاسَ إِلَى مَحْشَرِهِمْ

## বাংলা

(৩৮৪৯) হুযাইফা ইবনে আসীদ আল-গিফারী (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, একদা আমরা (দ্বীনী) আলোচনা করছিলাম। এমন সময় নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাদের নিকট আসলেন এবং জিজ্ঞেস করলেন, তোমরা কী নিয়ে আলোচনা করছ? জবাবে তাঁরা বললেন, ’আমরা কিয়ামত নিয়ে আলোচনা করছি।’ এ কথা শুনে তিনি বললেন, কিয়ামত ততক্ষণ পর্যন্ত কায়েম হবে না যতক্ষণ না তোমরা দশটি বিশেষ নিদর্শন দেখবে। অতঃপর তিনি ধোঁয়া, দাজ্জাল, (বিশেষ) জন্তু, পশ্চিম দিগন্ত হতে সূর্য উদিত হওয়া, মারইয়াম তনয় ঈসা (আঃ)-এর অবতরণ, ইয়াজূজ মা’জূজ এবং তিনবার ভূমি ধসে যাওয়া তথা পূর্ব প্রান্তে ভূমি ধস, পশ্চিম প্রান্তে ভূমি ধস এবং আরব উপদ্বীপে ভূমি ধসের কথা উল্লেখ করলেন। সর্বশেষে ইয়ামান থেকে একটি অগ্নি প্রকাশিত হবে, যা মানুষকে হাঁকিয়ে হাশর প্রান্তরের দিকে নিয়ে যাবে।

## ফুটনোট

(মুসলিম ৭৪৬৭-৭৪৬৮, আবূ দাউদ ৪৩১১, তিরমিযী ২১৮৩)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী  বর্ণনাকারীঃ হুযায়ফাহ ইবন আল-ইয়ামান (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=67597

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন